# ওমান সাগরে জ্বালানি পাচার: বিদেশি ট্যাংকার জব্দ করল ইরান



সংগৃহীত ছবি

ইরান ওমান সাগরে জ্বালানি পাচারের অভিযোগে একটি বিদেশি ট্যাংকার জব্দ করেছে। রাষ্ট্রীয় বার্তা সংস্থা আইআরএনএ’র বরাতে জানানো হয়েছে, বুধবার (১৬ জুলাই) ইরানি কর্তৃপক্ষ প্রায় ২০ লাখ লিটার জ্বালানি বহনকারী ওই ট্যাংকারটিকে আটক করে।

দক্ষিণ হরমোজগান প্রদেশের বিচার বিভাগীয় প্রধান মোজতাবা গাহরেমানি জানান, জাহাজটির মালামাল সংক্রান্ত বৈধ কাগজপত্রে অনিয়ম ধরা পড়ায় সেটি আটক করা হয়। একইসঙ্গে পাচারকৃত জ্বালানি পরিবহনের অভিযোগে একটি মামলা দায়ের হয়েছে।

তবে এখন পর্যন্ত জাহাজটি কোন দেশের এবং এর গন্তব্য কোথায়, সে বিষয়ে বিস্তারিত কিছু জানানো হয়নি।

গাহরেমানি আরও জানান, ঘটনার তদন্ত চলছে এবং এর অংশ হিসেবে ট্যাংকারটির ক্যাপ্টেনসহ মোট ১৭ জন নাবিককে আটক রাখা হয়েছে। বর্তমানে প্রমাণ সংগ্রহ, নথিপত্র যাচাই, জ্বালানির গুণগত পরীক্ষা ও পরিমাণ নির্ধারণের প্রক্রিয়া চলছে। তদন্ত শেষে যথাযথ আইনি পদক্ষেপ নেওয়া হবে বলে জানিয়েছেন তিনি।

সূত্র: আনাদুলু এজেন্সি

LENS ASIA